মহারাজ, একি সাজে এলে হৃদয়পুরমাঝে !
চরণতলে কোটি শশী সূর্য মরে লাজে ॥
গর্ব সব টুটিয়া   মূর্ছি পড়ে লুটিয়া,
সকল মম দেহ মন বীণাসম বাজে ॥
একি পুলকবেদনা বহিছে মধুবায়ে !
কাননে যত পুষ্প ছিল মিলিল তব পায়ে ।
পলক নাহি নয়নে,  হেরি না কিছু ভুবনে—
নিরখি শুধু অন্তরে সুন্দর বিরাজে ॥

---

Parjaay: Puja, Taal: Jhaptaal, Raag: Behaag
Visit www.geetabitan.com for notation and other detail